গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

তারিখঃ ০৩ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ভ্যাট কমিশনারেট পুনর্গঠনের ফলে বিআইএন (BIN) স্থানান্তর এবং কাস্টমস-এর আমদানি-রপ্তানি কার্যক্রম সংক্রান্ত নির্দেশনা।

জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর জাল সম্প্রসারণ, রাজস্ব আহরণ বৃদ্ধি এবং করদাতাদের সেবার মান উন্নয়নের মাধ্যমে অধিক ব্যবসাবান্ধব পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে বিদ্যমান ভ্যাট কমিশনারেটসমূহের অধিক্ষেত্র পুন:র্নির্ধারণ করে নতুন ভ্যাট কমিশনারেট গঠন করা হয়েছে। পরোক্ষ কর ব্যবস্থাকে আরও গতিশীল, কার্যকর এবং আধুনিক করার উদ্দেশ্যে প্রশাসনিক সংস্কার কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

উক্ত পুনর্গঠনের ফলে বিভিন্ন প্রতিষ্ঠানের ব্যবসায়িক শনাক্তকরণ নম্বর (BIN) নতুন অধিক্ষেত্র অনুযায়ী স্থানান্তর করা হয়েছে। স্থানান্তরিত বিআইএনসমূহের ক্ষেত্রে বিআইএন নম্বরের শেষ ৪ (চার)টি সংখ্যা পরিবর্তিত হয়েছে, যা ভ্যাট কমিশনারেট ও ডিভিশন-কে বুঝায়, তবে প্রতিষ্ঠানের বিআইএন অন্যান্য তথ্য অপরিবর্তিত রয়েছে।

আমদানি ও রপ্তানি কার্যক্রমে যাতে কোনো ধরণের বিঘ্ন সৃষ্টি না হয় সে লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের পুরাতন ও নতুন উভয় বিআইএন কাস্টমসের ASYCUDA World সিস্টেমে সাময়িকভাবে সক্রিয় রাখা হয়েছে। এর ফলে পূর্ববর্তী বিআইএন ব্যবহার করে ইতোমধ্যে খোলা এলসি (L/C), বিল অব এন্ট্রি, ঘোষণাপত্র অথবা অন্যান্য চলমান কাস্টমস কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন করা যাবে।

সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে আগামী ৩০ নভেম্বর ২০২৬ খ্রি. তারিখের মধ্যে পুরাতন বিআইএন এর সকল চলমান কার্যক্রম সম্পন্ন করে নতুন বিআইএন ব্যবহার নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, ৩০ নভেম্বর ২০২৬ খ্রি. তারিখের পর পুরাতন বিআইএন কাস্টমসের ASYCUDA World সিস্টেমে স্বয়ংক্রিয়ভাবে নিষ্ক্রিয় (Inactive) হয়ে যাবে। এর পর আমদানি-রপ্তানি সংশ্লিষ্ট কাস্টমস এর সকল কার্যক্রম শুধুমাত্র নতুন বিআইএন ব্যবহার করেই সম্পাদন করতে হবে।

দেশের অর্থনৈতিক কার্যক্রমকে নিরবচ্ছিন্ন রাখা এবং রাজস্ব প্রশাসনকে আরও গতিশীল, কার্যকর ও আধুনিক করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছে।

জাতীয় রাজস্ব বোর্ড